গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং- ১০.২০.৪৬৮০.১৮.৪১.০৬৬.২০২১- ৮২ তারিখঃ ০২/০৯/২০২১ খ্রিঃ।

বিষয়ঃ কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি ও সেচ বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভা আগামী ০৬/০৯/২০২১ খ্রি: তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হল।

Ahmed
02.09.21

উপজেলা কৃষি কর্মকর্তা
ও
সদস্য সচিব
কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি
রামগড়,খাগড়াছড়ি পার্বত্য জেলা।

প্রাপক,

..............................................................

..............................................................

স্মারক নং- ১০.২০.৪৬৮০.১৮.৪১.০৬৬.২০২১- ৮২ তারিখঃ ০২/০৯/২০২১ খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ কার্যালয়, রামগড়, খাগড়াছড়ি।
২। উপজেলা নির্বাহী অফিসার, রামগড়, খাগড়াছড়ি।
৩। অফিস নথি।

# কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সেপ্টেম্বর/২০২১ মাসের সভার কার্যবিবরণী ।

সভাপতি ঃ জনাব মো: আনোয়ার ফারুক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগড়।
সভার স্থান ঃ উপজেলা চেয়ারম্যান কার্যালয়, রামগড়।
তারিখ ও সময় ঃ ০৬/০৯/২০২১ খ্রিঃ, সকাল ১০:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (প্রদত্ত স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত।

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | **উপজেলা স্থানীয় সরকার প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলীর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় ১ম কিস্তিতে ২৬,৮৮,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। ০৪ কিস্তির টাকা বিভাজন করে নির্বাচিত জনপ্রতিনিধিগণকে প্রকল্পের নামের তালিকা দাখিল করার জন্য অনুরোধ করেন। | ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প দাখিল করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট সকল, রামগড়। |
| ২. | **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি অফিসারের পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় জানান, এ উপজেলায় ২,২৫০ হেক্টর জমিতে আমন ধান আবাদ করা হয়েছে। রাজস্ব আমনের ১০ টি প্রদর্শনী বাস্তবায়নাধীন রয়েছে। তিনি আরো জানান, মুজিব শতবর্ষের বিশেষ কার্যক্রমের আওতায় অনাবাদী জমিতে ও বসত বাড়ীতে পুষ্টি বাগানের কার্যক্রম চলছে। এছাড়াও সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প হিসেবে<br>০১। আম ও ড্রাগন ফল বাগান সৃজন বিষয়ে বাগান চাষী/উদ্যোক্তাদের উদ্বুদ্ধকরণ বিষয়ক প্রশিক্ষণ।<br>০২। আধুনিক প্রযুক্তিতে আদা ও হলুদ চাষাবাদ বিষয়ে কৃষকদেরকে উদ্বুদ্ধকরণ বিষয়ক প্রশিক্ষণ করার বিষয়ে আলোচনা করা হয়। | রাজস্ব আমনের প্রদর্শনী সমূহ নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়। এবং<br>০১। আম ও ড্রাগন ফল বাগান সৃজন বিষয়ে বাগান চাষী/উদ্যোক্তাদের করনীয় বিষয়ক প্রশিক্ষণ উপ-প্রকল্প নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০২। আধুনিক প্রযুক্তিতে আদা ও হলুদ চাষাবাদ বিষয়ে কৃষকদের করনীয় বিষয়ক প্রশিক্ষণ উপ-প্রকল্প নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, রামগড়। |
| ৩. | **উপজেলা প্রাণী সম্পদ দপ্তর ঃ** উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় জানান, (১) গবাদি পশুর চিকিৎসা ৯৮৫ টি, (২) হাঁস-মুরগীর চিকিৎসা ৫,৭২৫টি, (৩) গবাদি পশুর টিকা ২,৭৯৬ টি, (৪) হাঁস-মুরগীর টিকা ১০,১০০ টি, (৫) কৃত্রিম প্রজনন ৫০ টি, (৬) টিকা বীজ (রাজস্ব আদায়) ৪,৬২৫/- টাকা, (৭) কৃত্রিম প্রজনন ফি (রাজস্ব আদায়) ১,৫০০/- টাকা, (৮) ভ্যাকসিনেশন-০২। | ১। এ উপজেলায় হাঁস-মুরগী ও গবাদি পশুর চিকিৎসা প্রদানে সচেষ্ট থাকার জন্য অনুরোধ করা হয়।<br>২। নিয়মিত উঠান বৈঠক ও ফ্রি ভেটেরিনারী মেডিক্যাল ক্যাম্প পরিচালনা করার অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রামগড়। |
| ৪. | **উপজেলা মৎস্য দপ্তর ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, (১) ২৮ আগস্ট হতে ০৩ সেপ্টেম্বর ২০২১ খ্রি: পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদ্যাপন করা হয়। পোনা অবমুক্তকরণ উপকরণ বিতরণ, পানি পরীক্ষাসহ বিশেষ সেবা প্রদান করা হয়। (২) ১৪/০৯/২০২১ খ্রি: রাজস্ব বাজেটের আওতায় প্রাতিষ্ঠানিক জলাশয়ে ১২৫ কেজি পোনা অবমুক্তকরণ করা হয়। (৩) এনএটিপি-২ প্রকল্পের আওতায় সমিতিসমূহ তদারকি করা হচ্ছে। | নিয়মিত মৎস্য খামার পরিদর্শন, মৎস্য চাষীদেরকে পরামর্শ প্রদান, বাজার পরিদর্শন, ফরমালিন বিরোধী অভিযান পরিচালনা করার অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, রামগড়। |

(চলমান পাতা-২)

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মো: আনোয়ার ফারুক)
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি।
রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং- ১০.২০.৪৬৮০.১৮.৪১.৬৬. ২০২১- ৬৬

তারিখঃ ০৬/০৯/২০২১ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

০১। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০২। চেয়ারম্যান, রামগড় উপজেলা পারিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৪। মহিলা-ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, রামগড় খাগড়াছড়ি পার্বত্য জেলা।

06.09-21

উপজেলা কৃষি কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি।
রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভার নাম ঃ কৃষি ও সেচ বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভা।
সভাপতি ঃ মো: আনোয়ার ফারুক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগড়
স্থান ঃ উপজেলা চেয়ারম্যান কার্যালয়
তারিখ ও সময় ঃ ০৬/০৯/২০২১ খ্রিঃ সকাল ১০:৩০ ঘটিকা

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ০১ | জনাব মো: আনোয়ার ফারুক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগড় | সভাপতি | |
| ০২ | মিজ হাছিনা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগড় | সদস্য | |
| ০৩ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, রামগড় | সদস্য | |
| ০৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা, রামগড় | সদস্য | |
| ০৫ | উপজেলা প্রকৌশলী, (এলজিইডি), রামগড় | সদস্য | |
| ০৬ | চেয়ারম্যান, ১নং রামগড়, ইউপি, রামগড় | সদস্য | |
| ০৭ | চেয়ারম্যান, ২নং পাতাছড়া ইউপি | সদস্য | |
| ০৮ | উপজেলা কৃষি কর্মকর্তা,রামগড় | সদস্য-সচিব | 06.09.21 |